তারিখঃ ১৬/০৪/২০১৮ খ্রি.

বরাবর

মাননীয় মহাপরিচালক

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর,

সেকশন-২,মিরপুর,ঢাকা-১২১৬।

বিষয়ঃস্বামীর কর্মস্থল পাবনা সদর উপজেলার যেকোন সরকারি প্রাথমিক বিদ্যালয় / স্বামীর স্থায়ী ঠিকানার সড়াবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বদলি অথবা সংযুক্তির জন্য আবেদন।

জনাব,

যথাবিহীত সম্মান প্রদর্শন পূর্বক বিনীত নিবেদন এই যে, আমি পাবনা জেলার আটঘরিয়া উপজেলাধীন দেবত্তোর ইউনিয়নের ৬০ নং পাটশ্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক। আমার বাবা পাবনা জেলার অর্ন্তগত বেড়া উপজেলার একজন মহান বীর মুক্তিযোদ্ধা। আমার স্বামীর বাড়ী আটঘরিয়া উপজেলাধীন চাঁদভা ইউনিয়নের সড়াবাড়িয়া গ্রামে কিন্তু বর্তমানে আমার স্বামী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নিয়ন্ত্রিত ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তর পরিচালিত পাবনা জেলার পাবনা সদর উপজেলা শিক্ষা অফিসে সহকারী উপজেলা শিক্ষা অফিসার হিসাবে কর্মরত আছেন। আমার শ্বশুর মৃত্যুবরণ করায় আমার স্বামী তার একমাত্র বিধবা মা ও আমাকে নিয়ে তার কর্মস্থলে পাবনা সদর উপজেলায় বাসাবাড়িতে বসবাস করে। আমার স্বামীর কর্মস্থল পাবনা সদর উপজেলা হতে আমার বিদ্যালয়ের দূরুত্ব প্রায় ২৬ কিলোমিটার এবং আমার স্বামীর স্থায়ী ঠিকানা আটঘরিয়া উপজেলার সড়াবাড়িয়া গ্রাম হতে আমার বিদ্যালয়ের দূরুত্ব প্রায় ১৪ কিলোমিটার প্রতিদিন দীর্ঘ পথ পাড়ি দিতে তিন তিন বার যানবাহন পরিবর্তন করে আরো এক কিলোমিটার পথ পায়ে হেঁটে বিদ্যালয়ে একাকী (বিভিন্ন সময়ে আমাকে ইভটিজিং এ শিকার হতে হয়) উপস্থিত হয়ে শ্রেণি পাঠদান কার্যক্রম পরিচালনা করা আমার পক্ষে খুবই কষ্টকর । ইতোমধ্যে গত কয়েক মাস পূর্বে দীর্ঘ পথ পাড়ি দিয়ে বিদ্যালয়ে উপস্থিত হয়ে শ্রেণি পাঠদান কার্যক্রম পরিচালনা করতে আমি খুবই অসুস্থ হয়ে পড়ি এবং প্রায় দুই মাস মেডিকেল ছুটি নিতে বাধ্য ,এছাড়া আমার ১বছর বয়সের একটি শিশু সন্তান রয়েছে । তাই আমি আমার স্বামীর কর্মস্থল পাবনা সদর উপজেলায় স্বামীর কর্মস্থল নিকটস্থ যেকোন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে সংযুক্তি হতে ইচ্ছুক অথবা আমার স্বামীর স্থায়ী ঠিকানায় (গ্রাম-সড়াবাড়িয়া,ডাকঘর-বেরুয়ান,ইউনিয়ন-চাঁদভা,উপজেলা-আটঘরিয়া,জেলা-পাবনা) সড়াবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে বদলি অথবাসংযুক্তি হতে ইচ্ছুক।

নিম্নে আমার তথ্যাদি সদয় বিবেচনার জন্যপেশ করলাম:

১। নামঃশেখ লেমন নাহার বিনতে লোকমান

২। পদের নামঃ সহকারী শিক্ষক

৩। বর্তমান কর্মরত বিদ্যালয়ের নামঃ পাটশ্বর সরকারি প্রাথমিক বিদ্যালয় ,উপজেলা-আটঘরিয়া,জেলা-পাবনা।

৪। বদলি অথবা সংযুক্তি হতে উচ্ছুক বিদ্যালয়ের নামঃ পাবনা সদর উপজেলায় স্বামীর কর্মস্থল নিকটস্থ যেকোন সরকারি প্রাথমিক বিদ্যালয় অথবা আমার স্বামীর স্থায়ী ঠিকানায় (গ্রাম-সড়াবাড়িয়া,ডাকঘর-বেরুয়ান,ইউনিয়ন-চাঁদভা,উপজেলা-আটঘরিয়া,জেলা-পাবনা) সড়াবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়।

৫। পিতাঃ মোঃ লোকমান হোসেন (বীর মুক্তিযোদ্ধা)

৬। স্থায়ী ঠিকানাঃপ্রযত্নে (স্বামী)- মোঃআসলাম হোসাইন,গ্রাম-সড়াবাড়িয়া,ডাকঘর-বেরুয়ান,ইউনিয়ন-চাঁদভা,উপজেলা-আটঘরিয়া,জেলা-পাবনা।

৭। বর্তমান ঠিকানাঃ প্রযত্নে (স্বামী)- মোঃআসলাম হোসাইন, সহকারী উপজেলা শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, পাবনা সদর,পাবনা।

৮। শিক্ষাগত যোগ্যতাঃএম.এস.সি(প্রাণিবিদ্যা),সি.ইন.এড প্রশিক্ষণ প্রাপ্ত।

৯। জন্ম তারিখ : ০১/০১/১৯৮৪ ইং ।

১০। সরকারি চাকুরীতে ১ম যোগদানের তারিখ : ২০/০৯/২০১০ ইং।

১১। বর্তমান বিদ্যালয়ে যোগদানের তারিখ : ১৯/০১/২০১৫ ইং।

৮। বর্তমান বিদ্যালয়ে শিক্ষকের অনুমোদিত পদ : রাজস্ব-০৫ , প্রকল্প : প্রযোজ্য নহে ।

৯। কর্মরত শিক্ষক-রাজস্ব : ০৪ । প্রকল্প : প্রযোজ্য নহে ।

১০। ছাত্র/ছাত্রীর সংখ্যা : ১৩২ জন ।

১১। বর্তমান বেতন স্কেলসহ মূল বেতন : স্কেল -১০৫০০ মূল বেতন :১১৮২০।

১২। পদের ধরন : রাজস্ব

১৩। আবেদিত বিদ্যালয়ে বদলী অথবা সংযুক্তি হওয়ার কারন : দীর্ঘ দূরত্বে যাতায়াতে শারীরিক অসুস্থতা ও স্বামীর কর্মস্থলে /স্বামীর স্থায়ী ঠিকানায় বসবাস।

১৪। কাব শিক্ষক কি না : না।

অতএব, মহোদয় সমীপে আবেদন এই যে,আমার বর্তমান অবস্থা সুবিবেচনা করে বিশেষ ভাবে পাবনা সদর উপজেলায় স্বামীর কর্মস্থল নিকটস্থ যেকোন সরকারি প্রাথমিক বিদ্যালয় অথবা আমার স্বামীর স্থায়ী ঠিকানায় (গ্রাম-সড়াবাড়িয়া,ডাকঘর-বেরুয়ান,ইউনিয়ন-চাঁদভা,উপজেলা-আটঘরিয়া,জেলা-পাবনা) সড়াবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে বদলি অথবা সংযুক্তি করতে আপনার মর্জি হয়।

বি.দ্র.:আমার উক্ত বদলির জন্য আমি বিপদে পরে বারবার উপজেলা শিক্ষা অফিস, জেলা জেলা প্রাথমিক শিক্ষা অফিস,বিভাগীয় উপপরিচালকের কার্যালয় ,প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে শরণাপন্ন হলে মহোদয় গণ বদলির নির্দেশ দিলেও বিদ্যমান নীতিমালায় বদলি হতে পারি নাই তাই উর্দ্ধতন কর্তৃপক্ষেও নির্দেশে উপজেলা শিক্ষা অফিসার,আটঘরিয়া উভয় বিদ্যালয়কে জানিয়ে আমাকে আমার স্বামীর স্থায়ী ঠিকানায় সড়াবাড়িয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক পদে মৌখিক অস্থায়ী সংযুক্তি প্রদান করেছেন।আমার মূল বিদ্যালয় পাটশ্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক ও এসএমসি এই মৌখিক অস্থায়ী সংযুক্তি মানতে রাজী নয় তাই আমার অবস্থা বিবেচনা করে আমাকে লিখিত বদলি/ সংযুক্তি করতে আপনার মর্জি হয়।

লেমন নাহার

শেখ লেমন নাহার বিনতে লোকমান

সহকারী শিক্ষক

৬০ নং পাটশ্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়

আটঘরিয়া, পাবনা।

তারিখঃ ১৬/০৪/২০১৮ খ্রি.

☐ অতিরিক্ত মহাপরিচালক
☐ পরিচালক (প্রশাসন)
☐ পরিচালক (অর্থ ও সংগ্রহ)
☑ পরিচালক (পলিসি ও অপারেশন)
☐ পরিচালক (প্রশিক্ষণ)
☐ পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)
☐ পরিচালক (পরিবীক্ষণ ও মূল্যায়ন)
☐ পরিচালক (প্রোগ্রাম কো-অর্ডিনেটর)
☐ পরিচালক (সেকেন্ড চান্স এডুকেশন)
☐ সিস্টেম ম্যানেজার
☐ প্রকল্প পরিচালক
☐ সিস্টেম এনালিস্ট
☐ উপপরিচালক
☐ সহকারী পরিচালক

মহাপরিচালক

১৬/০৪/১৮

AUEO, pabna Sadar, pabna